




বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস

মিরপুর সেনানিবাস, ঢাকা

বিষয়: ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা/সেবার ডাটাবেজ

ক্রমিক নং	ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী সেবা/আইডিয়ার নাম	সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ	সেবা/আইডিয়ার কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ	সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না	সেবার লিংক	মন্তব্য
০১	Office 365 Mailing System	বিইউপিতে বর্তমানে Office 365 Mailing System চালু রয়েছে ২০১৭ সাল থেকে। এ পদ্ধতি চালুর পূর্বে অফিস সমূহের মধ্যে ডাক পদ্ধতির মাধ্যমে চিঠি আদান প্রদান করা হতো। বর্তমানে এই সেবাটি চালু করণের মধ্যে যে কোনো অফিস অথবা Group of Individual এর কাছে নিমিষেই পত্র প্রেরণ অথবা তথ্য আদান প্রদানে সুবিধা হচ্ছে। এতে সময় জনবল ও অর্থের সংকোচন হচ্ছে এবং Paperless অফিস বাস্তবায়নে অগ্রসর ভূমিকা পালন করছে।	সেবাটি কার্যকর আছে	এই সেবার মাধ্যমে সেবাগ্রহীতাদের পক্ষ থেকে সাধুবাদ জানানো হয়েছে এবং এই সেবার সফল বাস্তবায়নের ফলে তথ্যাদি দ্রুততার সাথে আদান প্রদান করা যাচ্ছে।	https://www.microsoft365.com/?auth=2	বাস্তবায়নের অর্থবছরঃ ২০১৬-২০১৭
০২	Online Vehicle Requisition	বর্তমানে Online Vehicle Requisition ২০১৭ সাল থেকে চালু রয়েছে। পূর্বে ব্যক্তিগত/অফিসিয়াল কোনো গাড়ীর চাহিদা করতে হলে নির্দিষ্ট ফরমে লিপিবদ্ধ করে চিঠির মাধ্যমে প্রেরণ করতে হতো। বর্তমানে এই সেবাটি Digitalize হওয়ায় সময়, শ্রম ও অর্থের সংকোচন হচ্ছে বলে প্রতীয়মান।	সেবাটি কার্যকর আছে	এই সেবার সফল বাস্তবায়নের ফলে গাড়ীর চাহিদা দ্রুততার সাথে প্রদান করা যাচ্ছে।	https://vrms.bup.edu.bd/	বাস্তবায়নের অর্থবছরঃ ২০১৭-২০১৮
০৩	Inventory Management System	বর্তমানে Inventory Management System ২০১৭ সাল থেকে চালু রয়েছে। পূর্বে অফিসিয়াল কোনো Stationary Item চাহিদা করতে হলে নির্দিষ্ট ফরমে লিপিবদ্ধ করে চিঠির মাধ্যমে প্রেরণ করতে হতো। বর্তমানে এই সেবাটি Digitalize হওয়ায় সময় ও শ্রমের সংকোচন হচ্ছে বলে প্রতীয়মান।	সেবাটি কার্যকর আছে	এই সেবার সফল বাস্তবায়নের ফলে বিভিন্ন দপ্তর কর্তৃক Stationary Item চাহিদা দ্রুততার সাথে প্রদান করা যাচ্ছে।	https://inventory.bup.edu.bd/	বাস্তবায়নের অর্থবছরঃ ২০১৭-২০১৮


০১/০৪/২০২৪

মোঃ সুলতানুল ইসলাম

সহকারী পরিচালক

ফোকাল পয়েন্ট- ই-গভর্ন্যান্স ও ইনোভেশন কমিটি

বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস

ক্রমিক নং	ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী সেবা/আইডিয়ার নাম	সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ	সেবা/আইডিয়ার কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ	সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না	সেবার লিংক	মন্তব্য
০৪	Online Admit Card Issue	বিইউপির শিক্ষার্থীদের সেমিস্টার ফাইনাল পরীক্ষার প্রবেশপত্র প্রস্তুত ও সংগ্রহ সংক্রান্ত সেবাটি পরীক্ষা নিয়ন্ত্রকের অফিস ও আইসিটি সেন্টারের যৌথ প্রচেষ্টায় পূর্বাপেক্ষা সহজীকরণ করা হয়েছে। পূর্বে প্রবেশপত্র সংগ্রহের জন্য শিক্ষার্থীরা উপস্থিতি হয়ে রেজিস্ট্রারে লিপিবদ্ধের মাধ্যমে প্রবেশপত্র সংগ্রহ করতো। বর্তমানে নতুন পদ্ধতিতে প্রবেশপত্র প্রস্তুত ও বিতরণ সম্পূর্ণ Online ভিত্তিক। শিক্ষার্থীগণ প্রবেশপত্র ইস্যু হওয়ার পর যেকোনো মুহুর্তে নিজ নিজ User ID দিয়ে Website এ প্রবেশ করে প্রবেশপত্র সংগ্রহ করতে পারবে। পূর্বের তুলনায় বর্তমানে পদ্ধতিতে সময়, শ্রম ও অর্থ অনেক সাশ্রয়ী হবে।	সেবাটি কার্যকর আছে	এই সেবার সফল বাস্তবায়নের ফলে শিক্ষার্থীদের Admit Card Issue দ্রুততার সাথে সম্পন্ন করা যাচ্ছে।	https://webportal.bup.edu.bd/Account/Login?ReturnUrl=%2F	বাস্তবায়নের অর্থবছরঃ ২০২১-২০২২
০৫	One Stop Service	One Stop Service একটি সমন্বিত IT Complain Service, ICT সরঞ্জামাদির যেমন (Intercom, Computer, Internet) সহ সকল বিষয়ের টেকনিক্যাল ত্রুটির জন্য ১টি call এর মাধ্যমে সেবা প্রাপ্তি ও রিপোর্ট জেনারেশন।	সেবাটি কার্যকর আছে	এই সেবার সফল বাস্তবায়নের ফলে ICT সংক্রান্ত সেবা কার্যক্রম অধিক সহজতর হয়েছে এবং দ্রুত কার্যক্রম সম্পন্ন করা সম্ভব হচ্ছে।	https://onestopservice.bup.edu.bd/login	বাস্তবায়নের অর্থবছরঃ ২০২২-২০২৩
০৬	Payroll Management	বর্তমানে অত্র বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/কর্মর্তা/কর্মচারীদের বেতন ভাতা সনাতন পদ্ধতিতে ভিন্ন ভিন্ন এক্সেল শীটের মাধ্যমে প্রস্তুত করা হয়, ব্যক্তি পর্যায়ে Pay Slip প্রস্তুত করত: বিতরণ করা হয়, বেতন-ভাতার হিসাব মেলাতে অধিক শ্রম ঘন্টার প্রয়োজন হয়, এছাড়াও প্রতি বছর জনবলের সংখ্যা বৃদ্ধি পাওয়ায় কাজের ডলিউম ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে যা বর্তমান বেতন-ভাতা শাখার জনবল দ্বারা সম্পন্ন করা কষ্টসাধ্য হচ্ছে। সেবাটি বাস্তবায়নের ফলে সেবা গ্রহীতাকে অফিসের কার্যদিবস/সময়ের উপর নির্ভরশীল হতে হবে না, ব্যক্তি পর্যায়ে পে-স্লিপ, বেতন সামারী ও বেতন সনদের হার্ডকপি হারিয়ে গেলেও তাঁর নিজস্ব ই-মেইল থেকে পুনরায় ডাউনলোড করতে পারবেন।	সেবাটি কার্যকর আছে	এই সেবার সফল বাস্তবায়নের ফলে অত্র বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/কর্মর্তা/কর্মচারীদের বেতন ভাতা সংক্রান্ত সেবা কার্যক্রম অধিক সহজতর হয়েছে এবং দ্রুত কার্যক্রম সম্পন্ন করা সম্ভব হচ্ছে।	সেবাটি মেইলের মাধ্যমে প্রদান করা হয় বিধায়, ওয়েব লিংক প্রয়োজ্য নয়	বাস্তবায়নের অর্থবছরঃ ২০২৩-২০২৪

Sulthanul Islam ০১/০৪/২০২৪

মোঃ সুলতানুল ইসলাম

সহকারী পরিচালক

ফোকাল পয়েন্ট- ই-গভর্ন্যান্স ও ইনোভেশন কমিটি

বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস